গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪).১০৯৮ তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৪

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ডিসেম্বর, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | মো. কামরুজ্জামান, মহাপরিচালক |
| সভার তারিখ | ০৯ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ১২.০০টায় |
| স্থান | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সভাকক্ষে |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাওয়ারী অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম শাখা:**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামান্যচিত্র এবং সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, নভেম্বর, ২০২৪ মাসে ০২টি প্রামাণ্যচিত্র সংগ্রহ করা হয়েছে। | সংগ্রহ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ২। | ফিল্ম মিউজিয়ামের জন্য দ্রব্যাদি সংগ্রহ | নভেম্বর, ২০২৪ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য কোন সংগ্রহ নেই। | সংগ্রহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (প্রশাসন ও অর্থ/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ৩। | নষ্ট হয়ে যাওয়া ফিল্মের তালিকা | সংরক্ষণ অনুপযোগী চলচ্চিত্রগুলো ফেরত নেওয়ার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে বিটিভিকে গত ২৩/১০/২০২৪ তারিখে ডিএফপিকে ২য় পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। | সকল দপ্তরের সাথে যোগাযোগ করে অতিদ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ), ফিল্ম অফিসার |

**(খ) লাইব্রেরি শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | গবেষণা | ক) ২০২৪-২৫ অর্থবছরে নির্বাচিত গবেষণাকর্মের বিষয়ভিত্তিক সেমিনার চলমান রয়েছে।<br>(খ) গবেষণা সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে নবগঠিত বিশেষজ্ঞ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | (ক) ২০২৪-২৫ অর্থবছরের নির্বাচিত গবেষণাকর্মের বিষয়ভিত্তিক সেমিনার সম্পন্ন হওয়ার পর গবেষকদের নিয়ে বিশেষজ্ঞ কমিটির সভা আহ্বান করতে হবে।<br>(খ) ২০২৫-২৬ অর্থবছরের প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ মূল্যায়নের জন্য বিশেষজ্ঞ কমিটির সভা আহ্বান করতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ) স্টোর অফিসার, লাইব্রেরিয়ান, সহকারি লাইব্রেরিয়ান |
| ৫। | পুস্তক ও জার্নাল মুদ্রণ | (ক) ২০২৪-২৫ অর্থবছরের ০৫টি গ্রন্থ ও ০১টি জার্নাল মুদ্রণের জন্য ই-জিপিতে দরপত্র আহ্বানের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(খ) জার্নাল ২১তম সংখ্যার প্রাপ্ত লেখা সমূহ মূল্যায়নের জন্য সম্পাদনা পরিষদ গঠিত হয়েছে। | (ক) চলতি অর্থবছরে ৫টি গ্রন্থ ও ১টি জার্নাল মুদ্রণের জন্য দ্রুত ই-জিপিতে দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) জার্নাল ২১তম সংখ্যার সম্পাদানা পরিষদের সভা ২২ ডিসেম্বর ২০২৪ তারিখ অনুষ্ঠিত হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা) স্টোর অফিসার, লাইব্রেরিয়ান, সহকারি লাইব্রেরিয়ান |

**(গ) হিসাব শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | বাজেট বাস্তবায়ন | ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৯ কোটি ৪৭ লক্ষ ৯০ হাজার টাকা। ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর, ২০২৪ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ২ কোটি ৭০ লক্ষ ৬৯ হাজার টাকা যা মূল বাজেটের ২৮.৫৬%। | নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (আর্কাইভ) হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৭। | অভ্যন্তরীন পরিষেবা থেকে আয় | ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর, ২০২৪ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ১,৩৩,২৬২/- টাকা আয় হয়েছে, যা মোট আয়ের ৩.৫৫%। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা |

**(ঘ) মেইনটেন্যান্স শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বৈদ্যুতিক সাবস্টেশন, ফায়ার ডিটেকশন-প্রটেকশন সিস্টেম, লিফট সিস্টেম, সিসিটিভি সিস্টেম, আইপি-পিবিএক্স সিস্টেম, ফিল্ম ভল্টসমূহ ও সেন্ট্রাল এসির নিয়মিত পর্যবেক্ষণ, মেরামত, সার্ভিসিং বা রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে। | নভেম্বর, ২০২৪ মাসে দপ্তরের আইপি-পিবিএক্স সিস্টেম কনফিগার, লিফ্ট কন্ট্রোল রুম ও ছাদের দরজা রং করা, আনসার ক্যাম্প ও ৭০২ নং কক্ষের সামনে স্থাপিত ওয়াটার পিউরিফায়ারের ফিল্টার পরিবর্তন এবং মহাপরিচালক মহোদয়ের প্রিন্টার ক্যাবল পরিবর্তন কাজ করা হয়েছে। ফিল্ম ভল্টসমূহে ড্রেইন লাইন মেরামত, আউটডোর ইউনিটের ম্যাগনেটিক কন্ডাক্টর পরিবর্তন, ডি-হিউমিডিফায়ারের ফিউজ পরিবর্তনসহ ডি-ফ্রস্ট হিটার, আউটডোর কন্ট্রোল বক্স, প্রেশার কাট-আউট, ইনডোর ফ্যান মটর, আউটডোর ইউনিটের কন্ডেনসার ফ্যান মটর ও পিএলসি সার্ভিসিং কাজ করা হয়েছে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা/আর্কাইভ) এসএই-৪ |

**(ঙ) অপারেশন শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়েছে। নভেম্বর, ২০২৪ মাসে ০১টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (পাপমুক্তি) এবং ১৪টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |
| ১০। | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২ |

**(চ) প্রশাসন শাখা:**

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস | ক) বাংলাদেশ ফিল্ম আকাইভের (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২৪ এর খসড়া প্রণয়নের নিমিত্ত সর্বশেষ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ২২-০১-২০২৪ তারিখে পাওয়া যায়। এ প্রেক্ষিতে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের (কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২৪ প্রণয়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট ও ক্যাডার নীতিমালা (ক্যাডারর্ভুক্তকরণ) সংক্রান্ত নির্ধারিত চেকলিস্টসহ প্রয়োজনীয় তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ২২-০১-২০২৪ তারিখের স্মারকে মন্ত্রণালয় হতে পত্র প্রেরণ করা হয়।<br>প্রাপ্ত পত্রদ্বয়ের আলোকে নির্ধারিত চেকলিস্ট ও প্রয়োজনীয় তথ্যাদিসহ ইতোমধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সর্বশেষ ০৬-০৫-২০২৪ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার সুপারিশ ও সিদ্ধান্তের আলোকে সংশোধিত খসড়া প্রস্তাবিত নিয়োগ বিধিমালা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রস্তাবিত নিয়োগবিধিমালাটি ২২/০৯/২০২৪ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। গত ০৭/১০/২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের একটি পত্র প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত পত্র অনুসারে সারসংক্ষেপসহ স্বয়ং সম্পূর্ণ প্রস্তাবের ১০ সেট পুনরায় প্রেরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় হতে ২৩/১০/২০২৪ তারিখে পত্র পাওয়া গেছে। পত্রের নির্দেশনা অনুয়ায়ী প্রয়োজনীয় তথ্যাদি সংযোজনপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করা হবে। | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক (আর্কাইভ), প্রশাসনিক কর্মকর্তা |
| ১২। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/ শুদ্ধাচার/ইনোভেশন/ অভিযোগ প্রতিকার/তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন | APA বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। ২০২৪-২৫ অর্থবছরের এপিএ সংশোধন এবং পরবর্তী কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া, শুদ্ধাচার, উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ সংশোধন এবং পরবর্তী কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। । লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ, কর্মশালা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সেবা সহজীকরনের আওতায় QR Code digital management system for Bangladesh Film Archives 06 valuts শীর্ষক কাজটি নির্বাচনপূর্বক যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত ধারাবাহিকতায় নভেম্বর, ২০২৪ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ৯১.৯৫% বলে সভাকে অবহিত করা হয়। | ডি-নথির কার্যক্রম ১০০% করার জন্য সচেষ্ট থাকতে হবে। সকল শাখাকে ডি নথির সর্বোচ্চ ব্যবহার করতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক(সকল), সকল শাখার প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১৪। | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছতা সাধন | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছতা সাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছতা সাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু হয়েছে। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক(সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |
| ১৫। | পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। নিয়মিত ভল্ট, সিনেমা হল এবং ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এছাড়া, ভল্টে পরিধেয় বিশেষ পোষাক নিয়মিত পরিষ্কার রাখা নিশ্চিত করতে হবে। হলের পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে রেজিষ্ট্রার সংরক্ষণ করতে হবে। | প্রতি মাসের প্রথম সোমবার ভবনের পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে মহাপরিচালক মহোদয় ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ভবন পরিদর্শন করবেন। হলের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করে রেজিষ্টার খাতায় স্বাক্ষর করবে। | পরিচালক, পরিচালক-২, দপ্তরের সকল কর্মকর্তা -কর্মচারী |
| ১৬। | মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন | মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব ভবনের চারপাশ (১৫ ডিসেম্বর-১৭ ডিসেম্বর পর্যন্ত) ০৩ (তিন) দিনব্যাপী আলোকসজ্জা করতে হবে। ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ সেমিনার হলে আলোচনা সভার আয়োজন করতে হবে। | মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিজস্ব ভবনের চারপাশ (১৫ ডিসেম্বর-১৭ ডিসেম্বর পর্যন্ত) ০৩ (তিন) দিনব্যাপী আলোকসজ্জার আয়োজন করবে । ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ সেমিনার হলে বিকাল ৩.০০টায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | পরিচালক, পরিচালক-২ উপপরিচালক(সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |

**(ছ) প্রকল্প বাস্তবায়ন:**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ 'দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়ন করছে। ৬২.৬৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির সংশোধিত বাস্তবায়নকাল জুলাই, ২০২১ হতে জুন, ২০২৫ পর্যন্ত নির্ধারিত। জুন, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৫.৯৩ কোটি টাকা। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ১৫.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে এ পর্যন্ত ৩.৭৫ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে। নভেম্বর/২০২৪ পর্যন্ত ব্যয় ১৯.৮১ লক্ষ টাকা। জুন/২০২৪ পর্যন্ত বিশ্বের বিভিন্ন উৎস হতে মুক্তিযুদ্ধ সম্পর্কিত ৪৩৫টি অডিও ভিজ্যুয়াল ফুটেজ/ডকুমেন্টারি সংগ্রহ করা হয়েছে। এ পর্যন্ত বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকারভিত্তিক ৩২৮টি ডকুমেন্টারি বুঝে পাওয়া গেছে। মুক্তিযুদ্ধ সম্পর্কিত ২৩৯৪ ধরণের পুস্তক ও জার্নাল ক্রয় করা হয়েছে। এছাড়া, ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ২৫.৭৩% ও ৩০%।<br>গত ২০.১১.২০২৪ তারিখে সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় 'প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্পটি সমাপ্ত করতে হবে' মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটি সমাপ্ত করার বিষয়ে নির্ধারিত ছকে প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভায় স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | এডিপি বরাদ্দ অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের কাজ ত্বরান্বিত করতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো. কামরুজ্জামান
মহাপরিচালক
ফোন: ৪১০২৪৬৩৬
Email: dg@bfa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪। উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮। অফিস নথি।